Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই আষাঢ় বুধবার ১৩৬৯ ইংরাজী 27th June 1962 { ৭ম সংখ্যা

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।




**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার

প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২
KALPANA D. PUBLI

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১২ই আষাঢ় বুধবার সন ১৩৬৯ সাল।

# আই.সি.এস. (I.C.S.) মানে কি?

—•—

কথাটা ইংরাজী তাহাতে কোন সন্দেহ না থাকিলেও আমরা যে ইংরাজী শিখিয়াছি, সত্য কথা বলিতে কি, সে শিক্ষা শিক্ষাই নয়। যাঁহারা ইংরাজী জানেন না, তাঁদের কাছে ইংরাজী ছিটে ফোটা 'বুকনি' দিয়ে প্রমাণ করি আমরা ইংরাজী জানি। ইংরাজী শিখিতে গিয়া ইংরাজী তো শিখিতে পারি নাই, বাংলাও ভুলিয়া গিয়াছি। লজ্জিত হই তখনি, যখন মায়ের সঙ্গে কথা বলিতে গিয়া বাংলা শব্দ যোগায় না, ইংরাজী বলে ফেলি, আর ইংরাজের সঙ্গে ইংরাজী বলিতে গিয়া বলিতে পারি না, তাদের ইংরাজী সব বুঝিতে না পারিয়া "বেগ ইওর পার্ডন্, বেগ ইওর পার্ডন্" বলিয়া যা তা করিয়া বসি। কিছুদিন হইতে "আই. সি. এস্. মানে "ডিক্সনারী" দেখে দেখে এর বাংলা মানে বুঝেছিলাম—"ভারতের রাজকীয় বিচারাদি সংক্রান্ত বৈতনিক চাকুরী"। আই (I)—ইণ্ডিয়ান, সি (C)—সিভিল, এস্ (S)—সার্ভিস্। সম্প্রতি "সিদ্ধান্ত অপেক্ষা দৃষ্টান্ত বড়" এই বাক্যের জলন্ত প্রমাণ পাইয়া আবার ধাঁধায় পড়িতে বাধ্য হইয়াছি। দশাটা হইয়াছে এক বৈয়াকরণিক ব্রাহ্মণ পণ্ডিতের মত।

পণ্ডিত মহাশয় প্রত্যেক শব্দের ধাতুর অর্থ করিয়া তাহা বুঝিতেন এবং বুঝাইতেন। একদিন এক বনের পাশ দিয়া যজমান বাড়ী যাইতেছেন। এক কৃষক তাঁহাকে সাবধান করিয়া দিয়া বলিল—"ঠাকুর মশায়, ও পথে যাবেন না, বাঘ আছে। সরলপ্রাণ বৈয়াকরণিক মনে মনে আলোচনা করিয়া ভাবিলেন—বাঘ অর্থাৎ 'ব্যাঘ্র' শব্দ 'ঘ্রা' ধাতু হইতে নিষ্পন্ন, (বি+আ+ঘ্রা+ড) ঘ্রা ধাতুর অর্থ আঘ্রাণ লওয়া। সুতরাং ব্যাঘ্র তাঁহার আঘ্রাণ লইবে, তা ছাড়া তাহার আর করণীয় কিছু নাই। বেশ যত পারে আঘ্রাণ লউক, তাতে ক্ষতি নাই। কৃষকের কথায় কোনরূপ ভীতির কারণ নাই, বুঝিয়া বনের ধার দিয়া ব্রাহ্মণ চলিতে লাগিলেন। ব্যাঘ্র তাঁহাকে আক্রমণ করিয়া যখন কামড় দিতে লাগিল, তখনও বৈয়াকরণিক পণ্ডিত মহাশয় ব্যাকরণের বচন ছাড়েন নাই। কৃষক ব্রাহ্মণের এবম্বিধ বিপদ দেখিয়া স্বজনগণকে ডাকিয়া তাঁহাকে ব্যাঘ্রের কবল হইতে উদ্ধার করার পরও ব্রাহ্মণ ব্যাকরণের এক বচন আবৃত্তি করিয়া সবকে শুনাইলেন—ব্যাঘ্রের অন্যায় হয় নাই, আমারই ভুল হইয়াছিল—"ধাতুনামনেকার্থত্বাৎ ঘ্রা ধাতু খাদনেঽপি চ।" অর্থাৎ ধাতুর অনেক অর্থ হয়, এই জন্য 'ঘ্রা' ধাতু 'খাদন' অর্থেও ব্যবহৃত হয়।

পরাধীন ভারতে একজন "আই. সি. এস্." কর্ম্মচারী প্রায় সত্তর, বাহাত্তর লক্ষ টাকা ঘুস বা অন্য বে-আইনী উপায়ে গলাধঃকরণ করার অপরাধে অভিযুক্ত হইয়া বহুদিন বিচারাধীন আসামী হইয়া ট্রাইবিউনালের বিচারে ৫ বৎসর সশ্রম কারাদণ্ড ও ৪৫০০০০০৲ পঁয়তাল্লিশ লক্ষ টাকা অর্থ দণ্ডে দণ্ডিত হইয়া কলিকাতা হাইকোর্টে আপীল করিয়াছিলেন। ট্রাইবুনাল যে সকল ধারায় তাঁহাকে অপরাধী করিয়াছিলেন তাহার অনেক ধারায় তাঁহাকে অব্যাহতি দিয়াও ট্রাইবুনালের রায় বাহাল রাখিয়াছেন। ৪৫০০০০০৲ পঁয়তাল্লিশ লক্ষ টাকা না দিলে আরও এক বৎসর শ্রীঘর বাসের আদেশও বাহাল ছিল।

আমরা যে "আই. সি. এস." মানে জানিতাম "ইণ্ডিয়ান সিভিল সার্ভিস্" সেটা 'ঘ্রা' ধাতুর 'খাদন' অর্থের মত "ইণ্ডিয়ান ক্রিমিন্যাল সার্ভিস্"ও হইতে পারে ইহা তাহার একটি জলন্ত দৃষ্টান্ত। এইখানে আমরা আর একটি সত্য ঘটনার গল্প বলিতেছি শ্রবণ করুন।

একজন রস-কৌতুককারী ভাঁড় এক আই, সি, এস্ ম্যাজিষ্ট্রেটের বিদায় অভিনন্দন সভায় হাস্যরসের অভিনয় সময়ে ইংরাজীতে বলিয়া ফেলিলেন—"আই, সি, এস্ ইজ্ মোর্ পাওয়ারফুল্ দ্যান দি কিং" কথাটা বলা মাত্র সাহেবের মুখখানি লাল হইয়া উঠিল। তখন ইংরাজ রাজার অধীন ভারত। সিভিলিয়ানদের উপর দোষারোপ করিয়া লোকে বলিত—আই, সি, এস্ দিগের হাতেই দেশের ভাল মন্দ নির্ভর করিতেছে। ওরা যা করে তাই হয়। সাহেব তাঁর পার্শ্ববর্ত্তী বাঙালী পুলিশ সাহেবকে বলিলেন ইনি একথা কেন বলিলেন—আই, সি, এস্ ইজ্ মোর্ পাওয়ারফুল্ দ্যান্ দি কিং! পুলিশ সাহেব যিনি ভাঁড়ামি করিতেছিলেন তাঁহাকে প্রশ্ন করিলেন—এ কথা বলার কারণ কি? ম্যাজিষ্ট্রেট সাহেবকে বুঝিয়ে বলুন এ কথার মানে কি? ভাঁড় জবাব দিলেন ইংরাজীতে, আমরা তাহা পাঠকগণের সকলের বুঝিবার জন্য ইংরাজী বাঙলা দুই ভাষায় লিখিয়া দিলাম—

ভাঁড়—ফোর্ জেণ্টল্‌মেন্ ওয়্যার্ প্লেইং কার্ডস্, দেয়ার আই. (I) সি (See) এস্ (Ace) ইজ্ মোর্ পাওয়ারফুল্ দ্যান এ কিং।

ম্যাজিষ্ট্রেট সাহেব তখন প্রাণ খুলিয়া হাসিয়া ভাঁড়কে বলিলেন—আপনি এগুলি ছাপিয়া দিবেন।

বুঝাইয়া বলি—তাসের টেক্কাকে এস্ (Ace) আর সাহেবকে কিং (King) বলে। সাহেব চেয়ে টেক্কার সম্মান বেশী কাজেই I. C. S. কথাটাকে কায়দা করিয়া I see ace বলিয়া প্রথমে বিষাদ ও পরে হর্ষের উদ্রেক করা হইয়াছে।

ইংরেজ আমলের অপরাধীর বিচার আরম্ভ হইয়া এত দিনে সাধারণের টাকা বে-আইনীভাবে আত্মসাৎ করার দণ্ড হইল স্বাধীন ভারতের হাই-কোর্টে। স্বাধীন আমলে যে কোটি কোটি টাকা কত চোর আত্মসাৎ করিয়া ভারতের দুর্গতি বৃদ্ধির সহায়তা করিল—কত রক্ষকবেশী ভক্ষক মোটা মোটা টাকা গিলিয়া হাঙ্গর-বৃত্তি অবাধে চালাইয়া যাইতে লাগিল, ইহাদের বিচার কে কবে করিবে? রাষ্ট্রভাষায় বলা যায়—

"সাচ্ কহে তো মারে লাঠ্‌ঠা
ঝুটি জগৎ ভুলায়—
গো-রস গলি গলি ফিরে,
সুরা বৈঠল্ বিকায়।
চোরকো ছোড়ে সাধকো বাঁধে,
পথিক কো লাগায় ফাঁসী—
ধন্য কলি যুগ তেরী তামাসা
দুখ লাগে ঔর হাঁসি।"

———

## হরিষে বিষাদ

তালিবপুরের চতুর্থ পক্ষের এক বৃদ্ধ পাত্রের সহিত নাবালিকার বিবাহকে কেন্দ্র করিয়া বেশ চমকপ্রদ পরিস্থিতির উদ্ভব হয়। সংবাদে প্রকাশ গত ৩রা আষাঢ় উক্ত বৃদ্ধ পাত্র বিবাহ করিয়া পাত্রীকে ঘরে তুলিবার পূর্ব্বেই তালিবপুর গ্রামের যুবকবৃন্দের দ্বারা বাধা প্রাপ্ত হয়। যুবকবৃন্দ উক্ত অভিসন্ধিমূলক বিবাহকে পণ্ড করিয়া দিলে বরযাত্রী সহ বর রাত্রিবেলায় গা ঢাকা দেয়। এবং পরে যুবকবৃন্দ পার্শ্ববর্ত্তী গ্রাম টেঁয়া হইতে এক পাত্রকে যোগাড় করিয়া ঐ লগ্নেই বিবাহ কাজ সম্পন্ন করে।

---

## সাইকেলে ভারতভ্রমণকারীদের প্রত্যাবর্ত্তন

গত ১৯৬০ সালের ৪ঠা ডিসেম্বর বহরমপুর ব্যারাক স্কোয়ারের নেতাজীর প্রতিমূর্ত্তির নিকট হইতে সৈদাবাদ নিবাসী শ্রীদিলীপকুমার মুখার্জি ও শ্রীননীগোপাল দত্ত নামক যে দুইটি তরুণ সাইকেলযোগে সমগ্র ভারত ভ্রমণের উদ্দেশ্যে বাহির হইয়া যায়, তাহারা কাশ্মীর হইতে কন্যাকুমারিকা পর্যন্ত সমগ্র ভারত সাইকেলযোগে পরিভ্রমণ করিয়া গত ১৫ই জুন শুক্রবার সকাল ৮ ঘটিকার সময় উক্ত নেতাজী প্রতিমূর্ত্তির নিকট বহরমপুরের নাগরিকবৃন্দের সহিত মিলিত হয়। মুর্শিদাবাদের জেলা ম্যাজিষ্ট্রেট এবং ভারতীয় রেডক্রস সমিতির মুর্শিদাবাদ জেলা শাখার চেয়ারম্যান শ্রীদিলীপকুমার গুহ, পৌরপতি ও জেলার বহু বিশিষ্ট ব্যক্তিবৃন্দ উপস্থিত থাকিয়া তাঁহাদিগকে সম্বর্দ্ধিত করিয়া মাল্যভূষিত করেন।

---

## বনেশ্বর শিব মন্দিরে চুরি

সাগরদীঘি থানার বন্েশ্বর গ্রামের ৺বন্েশ্বর দেবের মন্দিরের পূজার বাসনপত্র চুরি গিয়াছে। গুপ্ত ধনের লোভে মন্দিরের মেঝে খুঁড়িয়া ফেলিয়াছে।

---

## জীর্ণ মন্দির সংস্কার

বীরভূম জেলার জাজিগ্রামের সঙ্গতিপন্ন গৃহস্থ শ্রীদুর্গাদাস মুখোপাধ্যায় মহাশয় তাঁহার স্বর্গীয়া মাতৃদেবীর স্মৃতিরক্ষার্থে একটি জীর্ণ মন্দির সংস্কার করিয়া উহাতে শিব স্থাপন করিয়াছেন। এই উপলক্ষে বহু ব্রাহ্মণ ও দরিদ্র নারায়ণ সেবার ব্যবস্থা করিয়াছিলেন।

---

## পঙ্গপাল

গত ৯ই আষাঢ় রবিবার জঙ্গিপুর মহকুমার সুতী থানা এলাকার আহিরণ অঞ্চলের মধ্যে এক ঝাঁক পঙ্গপাল বসিয়া অল্পক্ষণ মধ্যে উড়িয়া গিয়াছিল। ১১ই আষাঢ় মঙ্গলবার বেলা আন্দাজ পোনে তিনটার সময় রঘুনাথগঞ্জ থানার খুড়িয়-পাড়া, নিস্তা, আইলেরউপর, জেঠিয়া, রাজানগর, দফরপুর, রাণীনগর, বড়শিমূল প্রভৃতি গ্রামের মাঠে এক ঝাঁক পঙ্গপাল কিছুক্ষণ বসিয়া উড়িয়া যায়। ধান ও পাটের কোন ক্ষতি করে নাই।

---

## গম লওয়া রেশন কার্ডধারীদের ইচ্ছাধীন

পশ্চিমবঙ্গ সরকারের এক প্রেস নোটে বলা হইয়াছে যে, ১৯৬২ সালের ১৮ই জুন হইতে পশ্চিমবঙ্গের রেশন-কার্ডধারিগণ কর্ত্তৃক ন্যায্য মূল্যের দোকান ও সংশোধিত রেশনিং দোকান হইতে গম লওয়া আর বাধ্যতামূলক থাকিবে না। কিন্তু রেশন-কার্ডধারিগণ প্রাপ্য গম না লইলে তৎপরিবর্ত্তে তাঁহাদিগকে কোনও রূপ অতিরিক্ত চাউল সরবরাহ করা হইবে না।

---

## অজয় সেতু উদ্বোধন

গত ১৭ই জুন রবিবার সকালে পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় বীরভূম জেলার ইলামবাজারে অজয় সেতুর উদ্বোধন করিয়াছেন। সেতুটি নির্ম্মাণ করিতে ২৬ লক্ষ ৩০ হাজার টাকা ব্যয় হইয়াছে। এই সেতু নির্ম্মাণের দ্বারা বীরভূম ও বর্দ্ধমানের মধ্যে সকল ঋতুতেই পথসংযোগের দীর্ঘকালের অভাব দূরীভূত হইল।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

১৪০নং ৬২ অন্য

বাদী—কৃষ্ণনগর গ্রামের সর্ব্বসাধারণের পক্ষে ও স্বয়ং শ্রীশক্তিপদ সাহা দিং

বিবাদী—কালু বিশ্বাস দিং

এতদ্দ্বারা জেলা মুর্শিদাবাদ থানা সমসেরগঞ্জ অধীন কৃষ্ণনগর গ্রাম নিবাসী সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দ্বারা জানান যায় উক্ত বাদী পক্ষ অত্রাদালতে সর্ব্বসাধারণ পক্ষে ও নিজ পক্ষে বিবাদীগণের নামে এক চিরস্থায়ী নিষেধাজ্ঞার মামলা করিয়াছে। নালিশী কৃষ্ণনগর মৌজার ৬নং খতি-য়ানের ২৯৫৪ দাগের ১০৯ শতক ভূমি উক্ত কৃষ্ণনগর গ্রামের সর্ব্বসাধারণের মৃত গবাদি পশু বহুদিন হইতে ফেলা হইয়া আসিতেছে এবং উহা গোভাড়রূপে ব্যবহৃত হইয়া আসিতেছে এবং উহা দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল হইতে ঐ ভাবে ব্যবহৃত হইয়া আসিতেছে। ঐ সম্পত্তিতে বিবাদী পক্ষের কোন প্রকার দখল নাই। বিবাদী পক্ষ উহাতে কোন প্রকার গৃহ নির্ম্মাণে বা কোন প্রকারে বাদী পক্ষকে বাধা বিঘ্ন ঘটাইতে বা কোন প্রকারে বেদখল করিতে না পারে তাহাতে কৃষ্ণনগর গ্রামের সর্ব্বসাধারণের কোন প্রকার আপত্তি থাকিলে বা বাদী শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করিলে আগামী ১৯৬২ সালের ১২।৭ তারিখে দর্শাইবার নিমিত্ত এই বিজ্ঞপ্তি দেওয়া হইল। ইতি ১৮।৬।৬২

By Order
H. K. Roy. Sheristadar,
2nd. Munsif's Court Jangipur.

---

## বিজ্ঞপ্তি

দস্তরহাট নিবাসী ওসমান আলি সেখ জিয়াগঞ্জ নিবাসী গোপালচন্দ্র সাহার স্ত্রী বিবরণী দাসী নামে জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালতে ২১নং ৬২ অন্য প্রকার ১৫৲ টাকা দাবীতে এক চিরস্থায়ী নিষেধাজ্ঞার মামলা করিয়াছে। ঐ মামলার দিন আগামী ১০।৭।৬২ তারিখে ধার্য্য হইয়াছে। উক্ত আদালতের আদেশমত সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে বাদী পক্ষে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নুতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪১৬৬

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এনলার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।